অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল এরি কাউন্টিতে 22.8 মিলিয়ন মার্কিন ডলারের সহায়ক আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন

চিকটোওয়াগার অ্যাঞ্জেলাস হাউস 21টি সহায়ক ইউনিট সহ 55 বছরের বেশি বয়স্কদের জন্য 67টি অ্যাপার্টমেন্ট প্রদান করবে

রাজ্যের গৃহহীন আবাসন এবং সহায়তা কর্মসূচী ঐতিহাসিক ভিলা মারিয়া একাডেমির একটি পাশ পুনর্নির্মাণ করার জন্য 3.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

গভর্নর ক্যাথি হোচুল আজ অ্যাঞ্জেলাস হাউসের নির্মাণ কাজ শুরু হওয়ার ঘোষণা করেছেন, যা একটি 22.8 মিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন যা ঐতিহাসিক ভিলা মারিয়া একাডেমির একটি দীর্ঘকাল পরিত্যক্ত পাশকে সাশ্রয়ী আবাসনে রূপান্তরিত করবে একটি কাউন্টির শহর চিকটোওয়াগাতে। রাজ্যের গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি থেকে 3.6 মিলিয়ন মার্কিন ডলারের আংশিক অর্থায়নের সাহায্য নিয়ে, প্রকল্পটি প্রাক্তন পুরোপুরি মেয়েদের উচ্চ বিদ্যালয়কে 67টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টে পুনর্নির্মাণ করবে, যার মধ্যে থাকবে 21টি সহায়ক ইউনিট যা 55 বছরের বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের পরিষেবা প্রদান করবে যারা আবাসন সংক্রান্ত নিরাপত্তাহীনতার সাথে লড়াই করছেন।

"সমস্ত নিউ ইয়র্কবাসীরা বসবাসের জন্য একটি নিরাপদ, স্থিতিশীল জায়গার অধিকারী - বিশেষ করে বয়োজেষ্ঠ্য এবং বয়স্ক প্রাপ্তবয়স্করা যারা গৃহহীনতার সম্মুখীন হয়েছেন," **গভর্নর হোচুল বলেন।** "অ্যাঞ্জেলা হাউস সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং সহায়ক পরিষেবাগুলি সরবরাহ প্রদান করবে যা এরি কাউন্টির বয়স্ক প্রাপ্তবয়স্করা অন্তর্নিহিত সমস্যাগুলি সমাধান করতে ব্যবহার করতে পারেন যা তাদের আবাসন নিরাপত্তাহীনতার সম্মুখীন হওয়ায় অবদান রেখেছে। আমরা একটি উজ্জ্বল, আরও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকব যখন আমরা নিউ ইয়র্ককে পুনর্নির্মাণ করব এবং এই ধরনের প্রকল্প আমাদের সেই লক্ষ্য অর্জনে সাহায্য করবে।"

প্রকল্পটি একটি ছয়তলা গথিক রিভাইভাল কাঠামোকে 55টি এক-বেডরুম এবং 12টি দুটি বেডরুমের অ্যাপার্টমেন্টে পুনর্নির্মাণ করবে যার সমস্ত ইউনিট অঞ্চলের গড় আয়ের 60 শতাংশ বা তার নিচে যাদের আয় তাদের কাছে সাশ্রয়ী মূল্যের হবে। এই অ্যাপার্টমেন্টগুলির মধ্যে সহায়ক পরিষেবা সহ 21টি ইউনিট থাকবে যা 55 বা তার বেশি বয়স্কদের জন্য সংরক্ষিত থাকবে যারা গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন।

1927 সালে সেন্ট ফ্রান্সিসের ফেলিসিয়ান সিস্টার্সের জন্য একটি বোর্ডিং এবং ডে হাই স্কুল তৈরির জন্য নির্মিত, ভবনটির পুনর্নির্মাণের পাশটি পূর্বে ভিলা মারিয়া একাডেমির দখলে ছিল, যা 2006 সালে বন্ধ হয়ে যায়। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ইনকর্পোরেশনের ডেল্টা ডেভেলপমেন্ট প্রকল্পটি হাতে নিচ্ছে, এবং CB-এমানুয়েল রিয়েলিটি প্রকল্পের লিজিং এজেন্ট হবে।

কাজের জন্য তহবিলের অন্তর্ভুক্ত গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে 3.6 মিলিয়ন মার্কিন ডলার, নিউইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) (HCR) সহায়ক আবাসন সুযোগ কর্মসূচির মাধ্যমে 3.4 মিলিয়ন মার্কিন ডলার, চিকটোওয়াগা শহরের মাধ্যমে 300,000 মার্কিন ডলার এবং NYSERDA-র থেকে প্রাপ্ত 60,000 মার্কিন ডলার। এছাড়াও, প্রকল্পটি নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট ইকুইটিতে 8.8 মিলিয়ন মার্কিন ডলার, ফেডারেল ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট ইকুইটিতে 3.4 মিলিয়ন মার্কিন ডলার এবং রাজ্যের ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট ইকুইটিতে 2.8 মিলিয়ন মার্কিন ডলার পাচ্ছে। রাজ্যের স্বাস্থ্য বিভাগের (Department of Health) মাধ্যমে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে পরিচালনার অর্থ প্রদান করা হবে।

রাজ্যের অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তার অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) কর্তৃক প্রশাসিত, গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি অলাভজনক কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন এবং পৌরসভাগুলিকে মূলধন অনুদান এবং ঋণ প্রদান করে আবাসন অর্জন, নির্মাণ বা পুনর্বাসনের জন্য সেই সকল মানুষদের জন্য যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত আবাসনের ব্যবস্থা করতে অক্ষম। অনুদানগুলি একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদান করা হয় নিউইয়র্ক স্টেট হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স কর্পোরেশনের (New York State Homeless Housing and Assistance Corporation) দ্বারা, যা OTDA কর্মীদের দ্বারা চলিত একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন।

OTDA এর কমিশনার মাইক হেন বলেন, "বয়স্ক প্রাপ্তবয়স্কদের তাদের সম্প্রদায়ের মধ্যে আবাসন সংক্রান্ত নিরাপত্তাহীনতার ভয় ছাড়া নিরাপদে মর্যাদার সাথে বয়োবৃদ্ধির জন্য সক্ষম হতে পারা উচিত। এই ঐতিহাসিক ক্যাম্পাসের দীর্ঘ সুপ্ত একটি অংশে নতুন জীবন দান করার সাথে সাথে অ্যাঞ্জেলাস হাউস এই ব্যক্তি এবং পরিবারগুলির জন্য নিরাপদ, সাশ্রয়ী মূল্যের গৃহ প্রদান করবে। আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির জন্য গভর্নর হোচুলের অব্যাহত সমর্থনের প্রশংসা করি যা আমাদের রাজ্য জুড়ে গৃহহীনতার মূল কারণগুলি মোকাবেলা করতে সহায়তা করে।"

HCR কমিশনার রুথ অ্যানি ভিসনাউকাস বলেন, "অ্যাঞ্জেলাস হাউজে আমাদের প্রায় 23 মিলিয়ন ডলার বিনিয়োগ হল যখন রাজ্য এবং বিশ্বাস-ভিত্তিক সংস্থাগুলি তাদের প্রচেষ্টাগুলি সব চেয়ে বেশি প্রয়োজন যাদের তাদের জন্য নতুন গৃহ সরবরাহের জন্য প্রয়োগ করলে কী অর্জন করা যায় তার একটি উদাহরণ। ফেলিশিয়ান সিস্টার্স, CB এমানুয়েল রিয়েলিটি এবং ডেল্টা ডেভেলপমেন্টের সাথে আমাদের অংশীদারিত্বকে ধন্যবাদ, চিকটোয়াগার প্রাক্তন ভিলা মারিয়া একাডেমী 67টি সাশ্রয়ী মূল্যের এবং টেকসই বাড়িতে পুনর্নির্মাণ করা হবে, যার মধ্যে 21টি হবে সহায়ক পরিষেবা সহ। রাজ্য জুড়ে গৃহহীনতা এবং আবাসন নিরাপত্তাহীনতার বিরুদ্ধে আমাদের প্রচেষ্টা সরকারী, বেসরকারী এবং অলাভজনক নেতাদের সাথে আমাদের অংশীদারিত্বের উপর নির্ভর করে। যখন আমরা কোভিড (COVID) মহামারীর মধ্যে দিয়ে আমাদের পথ পরিচালনা করছি, তখন এই মিশনটি আগের চেয়ে আরও বেশি অপরিহার্য।"

স্বাস্থ্য দপ্তরের কমিশনার হাওয়ার্ড জুকার বলেন, "নিরাপদ এবং সহায়ক আবাসন সুস্বাস্থ্যের ভিত্তি, এবং আমার স্থির বিশ্বাস আছে যে অ্যাঞ্জেলা হাউস তাদের বাসিন্দাদের প্রয়োজনীয় পরিচর্যা প্রদান করবে। আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার এবং নিউ ইয়র্কবাসীদের একটি উজ্জ্বল ও সুস্থ ভবিষ্যতের জন্য তাদের প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের উদ্দেশ্যে আমাদের অব্যাহত প্রচেষ্টায় আমি গর্বিত।"

সিনেটর টিম কেনেডি বলেন, "এই নির্মাণ কাজের শুরু প্রাক্তন ভিলা মারিয়া একাডেমি অ্যাঞ্জেলাস হাউসে নতুন করে প্রতিশ্রুতি এবং আশার অনুভূতি প্রকাশ করে যারা গৃহহীনতার সাথে লড়াই করছে তাদের জন্য একটি নিরাপদ এবং সহায়ক স্থান সরবরাহ করার। "রাজ্যব্যাপী সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ প্রদানের জন্য নিউ ইয়র্ক রাজ্যের এবং গভর্নর হোচুলের অব্যাহত প্রতিশ্রুতি দেখে আমি সন্তুষ্ট।"

সংসদ সদস্য মনিকা ওয়ালেস বলেন, "এই প্রকল্পটি হল আরেকটি উদাহরণ, কিভাবে সরকার আমাদের সব চেয়ে জরুরী সামাজিক সমস্যাগুলির কিছু সমাধানের জন্য বেসরকারি খাতের সাথে অংশীদারিত্ব করে কাজ করতে পারে। প্রাক্তন ভিলা মারিয়া একাডেমির পুনর্নির্মাণের মাধ্যমে, আমরা কয়েক ডজন বিপণন মানুষকে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করছি এবং আমাদের সম্প্রদায়ের একটি ঐতিহাসিক রত্নকে নতুন জীবন দান করছি। আমি গভর্নর হোচুল এবং রাজ্য ও স্থানীয় সরকারে আমার অংশীদারদের ধন্যবাদ জানাই চিকটোওয়াগায় বিনিয়োগ করার জন্য এবং আমাদের নিম্ন-আয়ের প্রতিবেশীদের, বিশেষ করে প্রবীণদের, নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের আবাসন নিশ্চিত করার উদ্দেশ্যে কাজ করার জন্য।"

এরি কাউন্টির **বিধায়ক টিম মেয়ার্স বলেন,** "আমাদের সম্প্রদায় মহামারী থেকে পুনর্গঠন অব্যাহত রাখার সাথে, অ্যাঞ্জেলার হাউসের মতো সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রকল্পগুলি আমাদের শহর এবং অঞ্চলের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। গভর্নর হোচুলের দেওয়া সহায়তার জন্য আমি সত্যিই কৃতজ্ঞ এবং এটি দেখার জন্য উন্মুখ যে এই বিনিয়োগটি চেকটোওয়াগা এবং সমস্ত এরি কাউন্টির জন্য কী বড় পরিবর্তন আনতে পারে।"

চেকটোওয়াগার সুপারভাইজার ডায়ান বেনজকোভস্কি বলেন, "অবশেষে এই দীর্ঘ প্রতীক্ষিত আবাসনের প্রকল্পটি সফল হতে দেখে আমি উচ্ছ্বসিত। এই প্রকল্পটি চেকটোওয়াগা শহরে সবচেয়ে ঝুঁকিপূর্ণ, সিনিয়র এবং সহায়ক চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় নতুন এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের বিকল্প সরবরাহ করবে। প্রাক্তন ভিলা মারিয়া উচ্চ বিদ্যালয়ের পুনরুজ্জীবন এবং পুনরায় ব্যবহার করা হল চেকটোওয়াগা শহর এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলের একটি আইকনিক ল্যান্ডমার্ক। এটি একটি উত্তেজনাপূর্ণ প্রকল্প এবং আমি এর সম্পূর্ণ হওয়ার অপেক্ষায় আছি।"

CB-ইমানুয়েল রিয়েলটির ব্যবস্থাপনার পরিচালক এবং সহ-মালিক বেনাথন আপশো বলেন, "CB-ইমানুয়েল ভাগ্যবান যে আবার নিউ ইয়র্ক রাজ্যের সাথে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আরেকটি সাশ্রয়ী মূল্যের আবাসনের উদ্যোগে অংশীদার হয়েছেন। এই ধরনের প্রচেষ্টায় অনেক কমিউনিটি স্টেকহোল্ডার জড়িত থাকায় ধন্যবাদ ও স্বীকৃতি দেওয়ার জন্য আরও অনেক আছে, যার মধ্যে অন্তত এই উদাহরণটি হল চেকটোওয়াগা শহর এবং বিভিন্ন আর্থিক অংশীদার। অ্যাঞ্জেলার হাউস

একটি উদীয়মান পাড়ার একটি অনন্য এবং রূপান্তরকারী সংযোজন হবে যা আমি বিশ্বাস করি যে অনেকের জীবনযাত্রার মান উন্নত করবে।"

উত্তর আমেরিকার ফ্রান্সিসকান ফেলিশিয়ান সিস্টার্সের সিস্টার জুডিথ মারি কুবিকি বলেছেন, "যে মাটিতে আমরা দাঁড়িয়ে আছি তা হল পবিত্র ভূমি - যে মাটি 84 বছর ধরে অল্পবয়স্ক নারীদের তাদের পূর্ণ ক্ষমতা উপলব্ধি করার জন্য শিক্ষা দিয়ে পবিত্র করা হয়েছে। এই দিনটি সাশ্রয়ী মুল্যের আবাসনের সুযোগ প্রদান করে বয়োজ্যেষ্ঠদের সেবা করার নতুন পথের সূচনা করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন